

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮/০৭ জুন ২০২১

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.২১.১২২ — স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী  
জনাব জাহিদ মালেকের মাতা বেগম ফৌজিয়া মালেক গত ২৭ মে ২০২১ তারিখে ইন্টেকাল করেন  
(ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

- ২। বেগম ফৌজিয়া মালেক-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ, তাঁর বিদেহী আমার মাগফেরাত  
কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮/  
৩১ মে ২০২১ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।
- ৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

(৮৬০৫)

মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৭ জ্যৈষ্ঠ ১৪২৮

ঢাকা: -----

৩১ মে ২০২১

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব জাহিদ মালেকের মাতা বেগম ফৌজিয়া  
মালেক গত ২৭ মে ২০২১ তারিখে ইন্দোকাল করেন (ইন্ডিলিঙ্গাহি ওয়া ইন্ডাইহি রাজিউন)।  
মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

বেগম ফৌজিয়া মালেক ১৯৪০ সালে মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলায় এক সন্তান  
মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর প্রয়াত স্বামী কর্মেল এম এ মালেক ঢাকা সিটি  
কর্পোরেশনের মেয়র এবং বাংলাদেশ সরকারের পাটমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেন।

ব্যক্তিজীবনে বেগম ফৌজিয়া মালেক ছিলেন অত্যন্ত সহমর্মী, জনদরদী, সংস্কৃতি ও  
রাজনীতি-সচেতন। তাঁর মমতাময়ী মাতৃত্বসূলত মনন ও আচার-আচরণ ছিল অতুলনীয়। তিনি  
বিভিন্ন উন্নয়নমূলক সামাজিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি জনগণের স্বাস্থ্য সেবার  
জন্য তিনটি পরিবার কল্যাণ কেন্দ্র ও ২টি কমিউনিটি ক্লিনিক নির্মাণে জমি দান করেন। মাননীয়  
প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ছিল তাঁর অটুট স্নেহের বৰ্ধন। প্রধানমন্ত্রীর নেতৃত্ব ও আদর্শের প্রতি  
তাঁর ছিল অকৃষ্ট সমর্থন।

পারিবারিক জীবনে বেগম ফৌজিয়া মালেক ছিলেন এক পুত্র এবং এক কন্যা সন্তানের  
জননী। তাঁর সুযোগ্য পরিচর্যা, উৎসাহ ও সঠিক দিক্কনির্দেশনায় তাঁর কনিষ্ঠ পুত্র স্বাস্থ্য ও পরিবার  
কল্যাণ মন্ত্রণালয়ের একজন সফল মন্ত্রী ও রাজনীতিক হিসাবে নিজেকে সুপ্রতিষ্ঠিত করেছেন।

বেগম ফৌজিয়া মালেকের মৃত্যুতে দেশ একজন বিশিষ্ট সমাজ কর্মী ও মহীয়সী নারীকে  
হারাল।

মন্ত্রিসভা বেগম ফৌজিয়া মালেকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মন্ত্রিসভা মরহমের  
বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর  
সমবেদনা জ্ঞাপন করছে।